

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.১০০.৩৮.০১৪.১৬.

তারিখঃ ১০/৬/২০১৭খ্রিঃ

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়
খাদ্য ভবন, ঢাকা।

বিষয়ঃ খাদ্য অধিদপ্তরের অধীন সাইলো অধীক্ষকের কার্যালয়, সান্তাহার সাইলো, বগুড়া এর অনুকূলে কম্পিউটার ও যন্ত্রাংশ ক্রয়ের ব্যয় নির্বাহের লক্ষ্যে আর্থিক মঞ্জুরী প্রদান।

মহোদয়,

খাদ্য অধিদপ্তরের অধীন আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সাইলো অধীক্ষক, জেলা খাদ্য নিয়ন্ত্রক এবং সিএসডি কার্যালয় সমূহে ০১টি করে ইউপিএসসহ ডেস্কটপ কম্পিউটার, প্রিন্টার ও স্ক্যানার ক্রয়ের জন্য ২৮/০৫/২০১৭ তারিখের ১৩.০১.০০০০.১০০.৩৮.০১৪.১৬-৭৮ নং স্মারকে প্রশাসনিক অনুমোদন দেয়া হয়। তৎপ্রেক্ষিতে, সাইলো অধীক্ষকের কার্যালয়, সান্তাহার, বগুড়া উক্ত নির্দেশনার আলোকে কার্যক্রম গ্রহণকরতঃ অর্থ মঞ্জুরীর জন্য আবেদন করেছেন। মহাপরিচালক মহোদয় নিম্নবর্ণিত কার্যালয়ের অনুকূলে পার্শ্বে উল্লিখিত পরিমান টাকার আর্থিক মঞ্জুরীর অনুমোদন প্রদান করিয়াছেন।

ক্রঃ নং	স্থাপনা/দপ্তরের নাম	মঞ্জুরীকৃত অর্থের পরিমান
১	সাইলো অধীক্ষকের কার্যালয়, সান্তাহার সাইলো, বগুড়া	৯৪,৮০০.০০ (চুরানব্বই হাজার আটশত) টাকা
	সর্বমোট =	৯৪,৮০০.০০ (চুরানব্বই হাজার আটশত) টাকা

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১৬/০৮/২০১৫ খ্রি: তারিখের ০৭.০০.০০০০.১৫১.২২.০০৩.১৫-৩৫১(১) নং স্মারকে প্রদত্ত ক্ষমতা বলে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনের প্রেক্ষিতে উল্লিখিত কার্যালয় সমূহের নামের পার্শ্বে বর্ণিত টাকার আর্থিক মঞ্জুরী প্রদান করা হলো।

উক্ত টাকা চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরের আর্থিক কোড-৩/৪৮৩১/০০০১/৬৮১৫ কম্পিউটার ও যন্ত্রাংশ খাত হতে মিটানো হবে। মঞ্জুরীকৃত টাকার আর্থিক বরাদ্দপত্র পরিচালক, হিসাব ও অর্থ জরী করবেন। উক্ত মঞ্জুরীকৃত টাকা সংশ্লিষ্ট দপ্তর প্রধান আয়ন-ব্যয়ন করবেন। সংশ্লিষ্ট দপ্তর প্রধান (ডিডিও) সরকারি প্রচলিত বিধি বিধান যথাযথভাবে অনুসরণ পূর্বক ব্যয় নির্বাহ করবেন। এতদসংক্রান্ত যাবতীয় বিল ভাউচার ও রেজিস্টার যথাযথভাবে সংরক্ষণ করবেন।

এতে মহাপরিচালক এর অনুমোদন রয়েছে।



(মঞ্জুর আলম)

সিস্টেম এনালিস্ট

ফোনঃ ০২-৪৭১১০৬৯৮

sys@dgfood.gov.bd

তারিখঃ ১০/০৬/২০১৭খ্রিঃ

স্মারক নং-১৩.০১.০০০০.১০০.৩৮.০১৪.১৬.

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বিষয়টি জরুরী বিবেচনা করে বরাদ্দপত্র জারীর জন্য অনুরোধ করা হলো।
- ৩। সাইলো অধীক্ষক, সান্তাহার সাইলো, বগুড়া।
- ৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,.....।
- ৫। অফিস কপি।


(মঞ্জুর আলম)

সিস্টেম এনালিস্ট